DEPARTMENT OF STATE • UNITED STATES OF AMERICA •

BAM

DANCE MOTION USA

photo: Trey McIntyre Project by US Consulate Guangzhou

আমেরিকান ব্যালে সম্পর্কে একটি সংক্ষিপ্ত ইতিহাস

সুসান ইয়্যুংগ

২০১৩

আমেরিকার DanceMotion USA℠

DanceMotion USA℠ দ্বারা এই রচনাটি প্রযোজিত করার উদ্দেশ্য হলো বিশ্ববাসীর শ্রোতাগণকে আমেরিকার নৃত্যকলা সম্পর্কে অবগত করানো। DanceMotion USA℠ ব্যুরো হলো আমেরিকার রাজ্যের শিক্ষাগত ও সংস্কৃতি বিষয়ক একটি প্রোগ্রাম, যেটি উপস্থাপনা করেছে BAM (ব্রুকলিন একাডেমি অফ মিউজিক), যাতে বিদেশে শ্রেষ্ঠ আধুনিক আমেরিকান নাচ তুলে ধরার জন্য পারস্পরিক বোঝাপড়ার উন্নয়ন ঘটানো যায়। DanceMotion USA℠ মার্কিন দূতাবাস সহযোগীদের অগ্রণী সাংস্কৃতিক সামাজিক পরিষেবামূলক কার্য এবং কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠান এবং শিক্ষাগত প্রতিষ্ঠানগুলিকে সাহায্য করার জন্য বিনিময় এবং সংশ্লিষ্টতার আদান প্রদানের জন্য উপযুক্ত বাতাবরণ তৈরী করে। ব্যক্তিগতভাবে এক – অপরের সাথে একক আলাপচারিতা ছাড়াও, সক্রিয় সামাজিক এবং ডিজিট্যাল মিডিয়া উদ্যোগের মাধ্যমে এবং দূতাবাস এবং কনস্যুলেট লাইব্রেরি দ্বারা আয়োজিত শিক্ষাগত সম্পদের মাধ্যমে এই প্রোগ্রামটি বৃহদ্ ভাবে ছড়িয়ে গেছে।

অনুগ্রহ করে আমাদের পরিদর্শন করুন এখানেঃ
dancemotionusa.org

BAM

আমাদের লেখাক সম্পর্কে

সুসান ইয়্যুংগ

সুসান ইয়্যুংগ হলেন BAM-এর পাব্লিকেশন ম্যানেজার, যিনি প্রোগ্রাম প্রযোজনা করেন, সম্পাদকীয় বিষয়বস্তু, এবং বিভিন্ন প্রকল্প, এবং BAM Blog -এর সম্পাদনার কাজ করেন। তিনি বিএএম-এর সহযোগী সম্পাদক ছিলেনঃ দ্য কমপ্লিট ওয়ার্কস নামক বইটি প্রতিষ্ঠানটির ১৫০ বছর পূর্তি উপলক্ষে ব্যাপক সাড়া ফেলেছে এবং পিনা বাউছ এবং বিল টি জোন্স -এর মত প্রতিভাবান শিল্পীদের ওপর অনন্য রচনা প্রকাশ করে। একজন ফ্রিল্যান্সার লেখক হিসাবে নৃত্যের ওপর বিশেষ তীক্ষ্ণ নজর এবং ভিস্যুয়াল আর্ট নিয়ে তিনি Ephemeralist.com -এ একটি ব্লগ তৈরী করেন এবং ড্যান্স ম্যাগাজিন, ওয়েনেটস সানডে আর্টস ব্লগ, ভিলেজ ভয়েস, ব্যালেট - ট্যাঞ্জ (বার্লিন), ব্রুকলিন রেল এবং এছাড়াও আরো প্রচুর সংখ্যক প্রকাশনা ও ওয়েবসাইটে তার অবদান রয়েছে। ইয়্যুংগ বিগত আট বছর ধরে বেসি এওয়ার্ডস কমিটিকে তাঁর পরিষেবা দিয়ে আসছেন, এবং বিভিন্ন সাংস্কৃতিক অনুদান ও পুরস্কার প্রদান সংস্থার জন্য ন্যায় নির্ণয় করেছেন।

BAM

অ্যামেরিকান ব্যালে-র সংক্ষিপ্ত ইতিহাস

পরিচিতি

অ্যামেরিকায় ব্যালে বৃদ্ধি পেয়েছে রাশিয়া এবং ইউরোপ-এর শিকড় থেকে, মুখ্যত: ফ্রান্স এবং ইংল্যান্ড থেকে। প্রথম দিকের যে প্রধান কোম্পানিগুলি অপরিহার্য এবং গুরুত্বপূর্ণ থেকে গেছে সেগুলির মধ্যে পড়ে ১৯৩৯-এ লুসিয়া চেস এবং অলিভার স্মিথ দ্বারা প্রতিষ্ঠিত অ্যামেরিকান ব্যালে থিয়েটার (American Ballet Theatre); ১৯৪২-তে উইলিয়াম ক্রিস্টেনসেন-এর অধীনে শহরের অপেরা কোম্পানি থেকে আলাদা হয়ে যাওয়ার পরে নিজে একটি স্বতন্ত্র পরিচয় হয়ে ওঠা স্যান ফ্রান্সিসকো ব্যালে (San Francisco Ballet); এবং আনুষ্ঠানিকভাবে ১৯৪৮-এ লিঙ্কন কারস্টাইন এবং জর্জ ব্যালেনচাইন দ্বারা প্রতিষ্ঠিত নিউ ইয়র্ক সিটি ব্যালে (New York City Ballet)। গত অর্ধশতক ধরে অ্যামেরিকার বহু গুরুত্বপূর্ণ ব্যালে দল প্রতিষ্ঠিত হয়েছে নৃত্য পরিকল্পনাকারী এবং নর্তক-দের দ্বারা যাঁরা এই সংগঠনগুলির মাধ্যমে এসেছেন।

জর্জ ব্যালেনচাইন এবং নিউ ইয়র্ক সিটি ব্যালে

অ্যামেরিকান ব্যালে-র সবথেকে প্রভাবশালী মূর্তি হচ্ছেন ব্যালেনচাইন (Balanchine) (১৯০৪-১৯৮৩), যিনি রাশিয়ায় জন্মগ্রহণ করেন। একজন যুবক হিসেবে, তিনি ব্যালে এবং পিয়ানো শিখেছিলেন এবং কিশোর বয়স থেকে কোরিওগ্রাফি বা নৃত্য পরিকল্পনা শুরু করেন। তিনি ১৯২১-এ মারিন্সকি ব্যালে (Marinsky Ballet) –তে যোগদান করেন, এবং ১৯২৪-এ রাশিয়া ছেড়ে চলে যান প্যারিসে ব্যালে রুসে-র জন্যে, যেটির জন্যে তিনি নৃত্য পরিকল্পনা করেছেন, অন্যান্য স্থানে তা করা ছাড়া। ১৯২০-৩০-এর বছরগুলিতে, তিনি অনেকগুলি ব্যালে তৈরি করেছিলেন যেগুলি তাঁর সর্বশ্রেষ্ঠগুলির মধ্যে থেকে গেছে, যাতে অন্তর্ভুক্ত এ্যাপোলো এবং সেরেনেড, যেগুলি নিউ ইয়র্ক শহরের ব্যালে রেপর্টরিতে এখনো আছে। ১৯৩৩-তে প্রযোজক লিঙ্কন কারস্টাইন নিউ ইয়র্ক-এ স্কুল অফ অ্যামেরিকান ব্যালে শুরু করার জন্যে তাঁকে ভুলিয়ে নিয়ে গেছিলেন, যেখানে তিনি সেই নর্তকদের প্রশিক্ষণ দিয়েছেন যাঁরা ভবিষ্যতে সংস্থাটির সাথে যুক্ত হন। তিনি নৃত্য পরিকল্পনাকার এবং/অথবা ব্যালে প্রধান হিসেবেও মেট্রোপলিটন অপেরা, প্যারিস অপেরা ব্যালে, ব্যালেস রুসে, ব্রডওয়ে-তে, এবং হলিউড চলচ্চিত্রে তে কাজ করেছেন। নিউ ইয়র্ক সিটি ব্যালে (New York City Ballet) ১৯৬৪ পর্যন্ত নিউ ইয়র্ক সিটি সেন্টারে অবস্থিত ছিল, যখন সেটিকে সেটির বর্তমান ঠিকানা লিঙ্কন সেন্টার-এ কখ থিয়েটার-এ সরিয়ে নিয়ে যাওয়া হয়। সেটির মুখ্য রেপর্টিরি হিসেবে এখনো ব্যালেনচাইন-এর সমগ্র জীবনের কাজই আছে, যা ব্যালেনচাইন ট্রাস্ট দ্বারা তত্বাবধিত হয়।

ব্যালেনচাইন কিম্বদন্তী অথবা গল্পের ওপর ভিত্তি করে একটি ঐতিহাসিক পথ তৈরি করার সাথে সাথে আধুনিক এবং গল্পহীন ব্যালে-র জন্যে বিভিন্ন ব্যালে তৈরি করেছিলেন, কিছুটা ইগর স্ট্রাভিন্সকি-র আমূল সংস্কারকামী আধুনিক সঙ্গীতের ওপর তাঁর পছন্দের কারণে। সেগুলির মধ্যে পড়ে তাঁর সবচেয়ে প্রিয়গুলি, যেমন এগন (Agon), রুবিস (Rubies), সিম্ফনী ইন থ্রী মুভমেন্টস (Symphony in Three Movements), এবং ডুও কন্সারটান্ট (Duo Concertant)। অনেকগুলিতে উপস্থাপনার উপাদানগুলি ন্যুনতম; নর্তকেরা অনেক সময়েই সাধারণ কালো এবং সাদা চাপা পোশাক পরা থাকেন। ব্যালেনচাইনের নড়াচড়াগুলি উপভোগ করা যায় সেগুলির সাঙ্গীতিকতা, নড়াচড়া এবং স্থান-সংক্রান্ত আবিষ্কার, সৌন্দর্য, এবং মানবিকতার জন্যে।

প্রখ্যাতযশা আমেরিকান ব্রডওয়ে নৃত্য পরিকল্পনাকারী জেরোম রবিন্স (Jerome Robbins) ১৯৪৯-এ এনওয়াইসিবি-র (NYCB) সহকারী পরিচালক হয়েছিলেন এবং বহু কাঙ্খিত ব্যালে তৈরি করেছিলেন, যাতে অনেক সময়েই একটি জমকালো, নাটকীয় স্বাদ পাওয়া যায়, যেমন ফ্যান্সী ফ্রী (Fancy Free), আফটারনুন অফ আ ফন (Afternoon of a Faun), এবং ওয়েস্ট সাইড স্টোরী সুইট (West Side Story Suite)। ব্যালেনচাইনের মৃত্যুর পরে, তিনি এবং ডেনমার্কে জন্ম নেওয়া (এবং পূর্বতন মুখ্য নর্তক) পিটার মার্টিন্স (Peter Martins) ছিলেন সহ-শৈল্পিক পরিচালক; মার্টিন্স ১৯৯০-তে সংস্থাটির প্রধান হয়ে গিয়েছিলেন, এবং এনওয়াইসিবি-র জন্যে বহু ব্যালে তৈরি করেছেন যেমন ক্যালসিয়াম লাইট নাইট Calcium Light Night)। শৈল্পিক ধাঁচে নতুন কাজ এনওয়াইসিবি-র মুখ্য রেপর্টিরির মধ্যে পড়ে, এবং ১৯৯২ থেকে এনওয়াইসিবি-র ডায়মন্ড প্রোজেক্ট এবং নিউ ইয়র্ক কোরিওগ্রাফিক ইন্সটিটিউট ডজন ডজন সমকালীন ব্যালে নৃত্য পরিকল্পনাকারীদের সৃজন প্রক্রিয়াতে পাশে থেকেছে এবং অনুমোদন করেছে। শেষের দশকটি দেখেছে খ্রীস্টোফার উইল্ডন (Christopher Wheeldon) (ক্যারুসেল, আফটার দা রেইন) (Carousel, After The Rain)-এর অভ্যুত্থানটি এবং অ্যালেক্সেই রাটমান্সকি (Alexei Ratmansky), যিনি নিউ ইয়র্ক-এ চলে আসার আগে বলশয় চালাতেন (কন্সার্টো ডিএসসিএইচ, নামৌনা; এবং বর্তমানে এবিটি-র আবাসিক নর্তক), বেনজামিন মিলিপিড (Benjamin Millepied) (যিনি এল এ ডান্স প্রোজেক্ট (LA Dance Project) সৃষ্টি করেছেন, এবং যিনি প্যারিস অপেরা ব্যালে-র শৈল্পিক পরিচালক হবেন), এবং অল্প সময়ের মধ্যে, জাস্টিন পেক-কে (Justin Peck), যিনি একজন এনওয়াইসিবি একক-শিল্পী।

এনওয়াইসিবি-র সাথে যুক্ত বলে দেখা যায় এমন বহুখ্যাত সংস্থাগুলির মধ্যে পড়ে:

* ড্যান্স থিয়েটার অফ হারলেম (Dance Theater of Harlem), (নিউ ইয়র্ক) আরথার মিচেল দ্বারা ১৯৬৯-এ শুরু (এটি একটি সময় ব্যবধানের পর অল্প সময় আগে ভার্জিনিয়া জনসন-এর তত্বাবধানে পুনরুজ্জীবিত হয়েছে)
* মায়ামি সিটি ব্যালে (Miami City Ballet), ১৯৮৫-তে এডওয়ার্ড ভিলেলা দ্বারা সৃষ্ট, এবং এখন লুরডেস লোপেস, পূর্বতন এনওয়াইসিবি মুখ্য নর্তকী দ্বারা পরিচালিত; তিনি মরফসেস-এর ও পরিচালিকা।
* সুজান ফ্যারেল ব্যালে (Suzanne Farrell Ballet) (ওয়াশিংটন, ডিসি) ২০০১ থেকে সেই ব্যালেরিনা দ্বারা পরিচালিত যিনি ছিলেন ব্যালেনচাইনের অন্যতম কিংবদন্তি উৎসাহদাত্রীদের মধ্যে
* প্যাসিফিক নর্থওয়েস্ট ব্যালে (Pacific Northwest Ballet), (সিয়াটেল), এখন পিটার বোল-এর তত্বাবধানে আছে, যিনি

BAM

ফ্রান্সিয়া রাসেল এবং কেন্ট স্টোএল-এর একটি লম্বা সময়ের দায়িত্বের পর দায়িত্ব নিয়েছেন, যিনি স্বনামধন্য সেটির নানাবিধ সংগ্রহ এবং বিশিষ্ট কলাকৌশলের জন্যে
* ভেইল ইন্টারন্যাশনাল ড্যান্স ফেস্টিভ্যাল (Vail International Dance Festival) , ডেমিয়ান উইটজেল দ্বারা তৈরি, যেখানে বিভিন্ন সংস্থা এবং শৈলীর শিল্পীদের মধ্যে আকর্ষণীয় সহযোগিতা আকার নেয়

আমেরিকান ব্যালে থিয়েটার

আমেরিকান ব্যালে থিয়েটার (American Ballet Theatre) শুরু হয়েছিল ১৯৪০-এ একটি সূত্র নতুন কাজ এবং প্রাচীনকালের শ্রেষ্ঠ রচনাগুলির জন্যে, কিন্তু বেড়ে ওঠে মুখ্যত নাটকীয় সেই ব্যালেগুলি উপস্থাপনা করার জন্যে যেগুলি কাহিনী শোনায়। প্রাচীনকালের সর্বশ্রেষ্ঠ কাহিনী শোনানোর ব্যালেগুলি সেটির রেপর্টরির একটি বড় অংশ: সোয়ান লেক (Swan Lake), রোমিও এ্যান্ড জুলিয়েট (Romeo & Juliet), জিসেল (Giselle), এবং লা বায়াডের (La Bayadère)। উপরন্তু, যে যে বৈশিষ্ট্যসূচক স্বরসহ নৃত্য পরিকল্পনাকারী এই রেপির্টরিতে অবদান রেখেছেন তাঁদের মধ্যে আছেন এগনেস ডে মীল, এন্টনী টিউডর, ফ্রেডেরিক এ্যাশটন, টোয়াইলা থার্প, এবং মার্ক মরিস। আবাসিক শিল্পী এ্যালেক্সেই রাটমান্সকি সাম্প্রতিককালে এবিটি-তে তৈরি করেছেন গুরুত্বপূর্ণ ব্যালে, দা নাটক্রযাকার (The Nutcracker)-এর একটি নতুন উপস্থাপনা, যেটির প্রথম প্রদর্শনী ২০১০-এ হওয়ার পর থেকে বিএএম (BAM)-এ অভিনীত হয়েছে , দিমিত্রি শস্টাকোভীচ-এর কুখ্যাত দা ব্রাইট স্ট্রীম (The Bright Stream), এবং শস্টাকোভীচ ট্রিলোজি (Shostakovich Trilogy)-র পুনরায় প্রদর্শন। যদিও দলের কিছু ব্যক্তি সংস্থাটির ওনাসিস স্কুল-এ প্রশিক্ষণ পেয়েছেন, সেটির বহু মুখ্য সদস্য বিদেশে-জন্ম নেওয়া তারকা। (এটি এনওয়াইসিবি-র বিপরীত, যেখানে বহুজন উঠে এসেছেন স্কুল অফ আমেরিকান ব্যালে-র মাধ্যমে।) রুশ ব্যালে তারকা মিখাইল ব্যারিশনিকভ এবিটি-কে এক দশক ধরে পরিচালনা করেছেন; আমেরিকান কেভিন ম্যাকেনজি শৈল্পিক পরিচালক আছেন ১৯৯২ থেকে।

শক্তিশালী স্বতন্ত্র স্বরগুলি

কিছু প্রতিভাশালী ব্যালে নৃত্য পরিকল্পনাকারী সংস্থাগুলি চালানো এবং কর্মভার সামলানো এব ফ্রীল্যান্সভাবে প্রকল্পে অংশ নেওয়া দুটিই করেছেন। টোয়াইলা থার্প (Twyla Tharp) তাঁর সংস্থাটি সৃষ্টি করেছেন ১৯৬৫-এ; সেটি তাঁর নবপ্রবর্তিত, ঢিলা, জ্যাজ-সম্পৃক্ত কাজ প্রদর্শন করে, এবং প্রযুক্তিগতভাবে কঠিন ব্যালে তৈরি করাতেও দুর্দান্ত উন্নতি করেছিল। তিনি নৃত্যের বিভিন্ন শাখাতে বিশাল সাফল্যলাভ করেছিলেন, ব্রডওয়ে-তে (মুভিং আউট) (Movin' Out) ও চলচ্চিত্র সহ , এবং বিখ্যাতভাবে পুশ কামস টু শাভ (Push Comes to Shove)-এ ব্যারিশনিকভ-এর সাথে এবং অন্যান্য নৃত্যে। ১৯৭০-৮০-তে, মার্স কানিংহ্যাম-এর প্রাক্তন নর্তকী ক্যারোল আর্মিটাজ (Karole Armitage) "পাঙ্ক ব্যালে" নৃত্য পরিকল্পনা করেছিলেন, যা রক অ্যান্ড রোল-এর উপর তৈরি হয়েছিল। তাঁর স্বাতন্ত্রসূচক স্বর ব্রডওয়ে-তে দেখা গেছে এবং তাঁর নিজের সংস্থা, আর্মিটাজ গন!-এ, যেটি তিনি ইতালি-তে স্বল্প সময় কাটিয়ে ফিরে আসার পর নিউ ইয়র্ক-এ ২০০৬-এ পুনর্গঠিত হয়েছে।

উল্লেখযোগ্য সংস্থা এবং প্রবণতাগুলি

ইউএস-এ অন্যান্য উল্লেখযোগ্য সংস্থাগুলির মধ্যে পড়ে:
• স্যান ফ্রান্সিসকো ব্যালে (San Francisco Ballet)। হেলগি টোমাসেন, ১৯৮৫ থেকে শৈল্পিক পরিচালক, তৈরি করেছেন নানাবিধ রেপর্টরিটি প্রাচীনকালের উল্লেখযোগ্যভাবে আবাসিক নৃত্য পরিকল্পনাকারী মার্ক মরিস ও ইউরি পসোকোভ দ্বারা কৃত শ্রেষ্ঠ রচনাগুলি ও আধুনিক কাজ যোগ করার জন্যে।
• ব্যালে হিস্পানিকো (Ballet Hispanico), নিউ ইয়র্ক-এ টিনা রামিরেজ দ্বারা সৃষ্ট, হিসপ্যানিক শিল্পীদের যেমন অ্যানাবেল লোপেজ ওচোআর নৃত্য পরিকল্পনার ওপর জোর দেয়।
• জোফ্রি ব্যালে (Joffrey Ballet,), রবার্ট জোফ্রি দ্বারা ১৯৫৬-এ সৃষ্ট, এখন শিকাগো-তে অবস্থিত। তিনি ইউএস-এ তে ডেনমার্ক-এর আগস্ট বুরনভীল-এর শৈলী প্রবর্তন করেছিলেন, এবং ডায়াঘিলেভ-এর সময়ের ব্যালেকে পুনরুজ্জীবিত করেছিলেন, নতুন কাজ সৃষ্টি করার ছাড়াও।
• হিউস্টন ব্যালে (Houston Ballet), স্ট্যান্টন ওয়েলচ দ্বারা পরিচালিত, যিনি বিভিন্ন ব্যালে নৃত্য পরিকল্পনা করেছেন বিভিন্ন আধুনিক শিল্পী দ্বারা সংগ্রহের পরিবেশন করা ছাড়াও।
• অ্যাসপেন স্যানটা ফে ব্যালে (Aspen Santa Fe Ballet), একটি নবপ্রবর্তিত ব্যবসার নিদর্শনের সাথে, দ্বৈত অবস্থান, এবং একটি বিস্তারিত পরিসর, জনপ্রিয় রেপর্টিরি।
• সিডার লেক কন্টেম্পোরারী ব্যালে (Cedar Lake Contemporary Ballet), নিউ ইয়র্ক-এ, যেটি একটি দশকে কমিশন করেছে অথবা অধিকার করেছে আধুনিক ব্যালে-র আন্তর্জাতিক, প্রসিদ্ধ শিল্পীদের একটি চিত্তাকর্ষক রেপর্টিরি।
• অ্যালনজো কিং লাইনস ব্যালে (Alonzo King Lines Ballet), স্যান ফ্রান্সিসকো-তে অবস্থিত, বিশেষত ব্যালে-তে কিং-এর আধুনিকীকৃত, ক্রীড়াসুলভ ধারণাগুলি পরিবেশন করে।
• বস্টন ব্যালে (Boston Ballet), একটি শ্রেষ্ঠ প্রাচীন থেকে আধুনিক রেপর্টরি; জরমা এলো হচ্ছেন এর আবাসিক নৃত্য পরিকল্পনাকারী।
• মরফোসেস (Morphoses), প্রথমে খ্রীস্টোফার উইলডন-এর নৃত্য পরিকল্পনার অনুযায়ী সৃষ্ট, কিন্তু সাম্প্রতিক বছরগুলিতে একজন বার্ষিক আবাসিককে পরিবেশন করেছে।
• হাবার্ড স্ট্রীট ড্যান্স শিকাগো (Hubbard Street Dance Chicago), যেটি সাম্প্রতিক বছরগুলিতে সরে গিয়েছে একটি আধুনিক ব্যালে সহ সারগ্রাহী রেপর্টিরিতে ; আলেহান্দ্র সেরুডো হলেন আবাসিক নৃত্য পরিকল্পনাকার এবং প্রাক্তন জোফরি ব্যালে-র অধ্যক্ষ গ্লেন এডগারটন হচ্ছেন শৈল্পিক পরিচালক।
• পেনসিলভ্যানিয়া ব্যালে (Pennsylvania Ballet), ১৯৬৩-তে ব্যালেনচাইন-এর শিষ্য বারবারা ওয়াইসবার্গার দ্বারা প্রতিষ্ঠিত। শৈল্পিক পরিচালক রয় কাইজার-এর তত্ত্বাবধানে, সংস্থাটি সেটির ব্যালেনচাইনভিত্তিক রেপর্টরিটি বাড়িয়েছে।
• ওয়াশিংটন ব্যালে (Washington Ballet), কিংবদন্তি ব্যালে শিক্ষিকা মেরী ডে দ্বারা ১৯৪৪-তে প্রতিষ্ঠিত এবং বর্তমানে সেপটাইম ওয়েবার-এর শৈল্পিক পরিচালনার তত্ত্বাবধানে আছে।

সাম্প্রতিক বছরগুলিতে নিউ ইয়র্ক-এ, অনেক ছোট ব্যালে সংস্থা আছে যাঁরা একজন নৃত্য পরিকল্পনাকারীর কাজে মনোযোগ দেন (প্যাম টানোউইটজ ড্যান্স) (Pam Tanowitz Dance), একটি অতি উচ্চমাত্রার আধুনিক উপস্থাপনা সহ) অথবা ছোট মাপের অথবা ছোট করে দেওয়া রেপর্টরি (ডায়না বায়ার দ্বারা প্রতিষ্ঠিত নিউ ইয়র্ক থিয়েটার ব্যালে (New York Theatre Ballet), যেটি টিউডর সহ প্রাচীনকালের শ্রেষ্ঠ রচনাগুলিকে পুনরুজ্জীবিত করে, এবং

BAM

প্রায়শই দৈর্ঘ্যে ছোট নতুন গল্পের ব্যালে পরিবেশন করে)। অন্যান্যগুলির মধ্যে পড়ে: ব্যালে কালেক্টিভ (Ballet Collective), নৃত্য, শিল্প, সঙ্গীত এবং পদ্যের এনওয়াইসিবি-র ট্রয় শ্যুমাখার-এর একটি যৌথ সম্পাদনা; এবিটি-র মিশেল ওয়াইলস দ্বারা প্রতিষ্ঠিত ব্যালে নেক্সট (Ballet Next) ; এবং জুডিথ ফুগেট এবং মেহদি বাহিরি দ্বারা শুরু করা ব্যালে এনওয়াই (Ballet NY), যারা আধুনিক সংগ্রহ পরিবেশন করে, এবং প্রাক্তন পেনসিলভ্যানিয়া ব্যালে অধ্যক্ষযুগল ক্রিস্টিন কক্স ও ম্যাথিউ নীনান দ্বারা প্রতিষ্ঠিত ব্যালে এক্স (Ballet X)।

আমেরিকান ব্যালে-র দৃঢ় উত্তরাধিকার শুরু হয়েছিল বিদেশী শিকড় থেকে, কিন্তু নৃত্যের ইতিহাসে সেটির বহু আধুনিক রেপার্টরি দ্বারা সেটি নিজেকে জাহির করেছে এবং সব দেশের নর্তকদের সাথে সাথে ঘরের প্রতিভার বৈচিত্র্যর মাধ্যমে।

অভিধানগুলি

অ্যামবার্গ, জর্জ। ব্যালে ইন অ্যামেরিকা: দা ইমার্জেন্স অফ অ্যান অ্যামেরিকান আর্ট। অ্যামবার্গ প্রেস, ২০০৭ (১৯২৩)।

Amberg, George. *Ballet in America: The Emergence of an American Art*. Amberg Press, 2007 (1923).

হোমানস, জেনিফার। অ্যাপোলো-স অ্যানজেলস: এ হিস্ট্রী অফ ব্যালে। গ্রান্টা বুকস, ২০১০।

Homans, Jennifer. *Apollo's Angels: A History of Ballet*. Granta Books, 2010.

জোয়িট, ডেবোরাহ। জেরোম রবিনস: হিস লাইফ, হিস থিয়েটার, হিস ড্যান্স। নিউ ইয়র্ক। সাইমন এন্ড শুস্টার, ২০০৪।

Jowitt, Deborah. *Jerome Robbins: His Life, His Theater, His Dance.* New York, Simon & Schuster, 2004.

মেয়নার্ড, ওলগা। দা অ্যামেরিকান ব্যালে। ফিলাডেলফিয়া: ম্যাক্রেয় স্মিথ কোম্পানি, ১৯৫৯।

Maynard, Olga. *The American Ballet. Philadelphia: Macrae Smith Company,* 1959.

রেয়নল্ডস, ন্যান্সি। রেপেরটোরী ইন রিভিউ: ফর্টি ইয়ার্স অফ নিউ ইয়র্ক সিটি ব্যালে। ডায়াল প্রেস, ১৯৭৭।

Reynolds, Nancy. Repertory in Review: 40 years of the New York City Ballet. Dial Press, 1977.